**নিম্নলিখিত বিষয়গুলো ব্যবহার করে K-6 গ্রেডের শিক্ষার্থীদের শিক্ষণের সকল আচরণ মূল্যায়ন করা হবে:**



আপনি PA-এর মাধ্যমে পেনসিলভানিয়া কোর স্ট্যান্ডার্ডস (Pennsylvania Core Standards) দেখতে পারেন

| একজন সফল শিক্ষার্থীর বৈশিষ্ট্য | |
|---|---|
| **M: প্রত্যাশাসমূহ পূরণ** | শিক্ষণের আচরণের জন্য শিক্ষার্থী ***ধারাবাহিকভাবে*** প্রত্যাশিত গ্রেড লেভেল প্রদর্শন করে। |
| **A: প্রত্যাশাসমূহ পূরণে অগ্রসর হওয়া** | শিক্ষণের আচরণের জন্য শিক্ষার্থী ***মাঝে মাঝে*** প্রত্যাশিত গ্রেড লেভেল প্রদর্শন করে। |
| **B: প্রাথমিক প্রত্যাশাসমূহ** | শিক্ষণের আচরণের জন্য শিক্ষার্থী প্রত্যাশিত গ্রেড লেভেল প্রদর্শন ***এখনও করছে না।*** |

আরও জানতে আপনি PA শিক্ষা বিভাগের (Department of Education) মাধ্যমে পেনসিলভানিয়া কোর স্ট্যান্ডার্ডস এই ওয়েবসাইটে দেখতে পারেন:
Www.pdesas.org/Standard/CommonCore

## নর্থ পেন স্কুল ডিস্ট্রিক্ট (North Penn School District)-এর মিশন

**নর্থ পেন স্কুল ডিস্ট্রিক্ট হলো একটি কার্যকর, উদ্ভাবনী, শিক্ষার্থী-কেন্দ্রিক শিক্ষাদান ও শিক্ষণের একটি কমিউনিটি, যেখানে প্রতিটি শিক্ষার্থী নিম্নলিখিত বিষয়গুলোর জন্য ক্ষমতাপ্রাপ্ত হয়ে থাকে:**

- **একজন স্বাধীন, খাপ খাইয়ে নিতে সক্ষম, জীবন-ব্যাপী শিক্ষার্থী হয়, যে নতুন বোধশক্তি তৈরি করতে জ্ঞান ব্যবহার করেন**
- **সৃজনশীল, সহযোগিতামূলক এবং সুগভীর চিন্তাভাবনা প্রদর্শন করে**
- **তার সর্বোচ্চ সম্ভাবনা অনুযায়ী সফলতা অর্জন করে**
- **বিশ্ব সমাজের একজন ইতিবাচক, দায়িত্বশীল এবং অবদান রাখে এমন নাগরিক হিসেবে বাস করে**



# North Penn
## School District
Dream Big.
Achieve Greatness.

# দ্য নর্থ পেন স্ট্যান্ডার্ডস-ভিত্তিক প্রাথমিক অগ্রগতির প্রতিবেদন



# প্রাথমিক অগ্রগতির প্রতিবেদন

যেহেতু শিক্ষার ক্ষেত্রে উৎকর্ষতা অর্জনে আমরা আমাদের অঙ্গীকার অব্যহত রাখছি, তাই প্রতিটি শিক্ষার্থীর সর্বোচ্চ সম্ভাবনাকে ছাড়িয়ে যেতে তাদেরকে সক্ষম করার বিষয়টি নিশ্চিত করাই আমাদের লক্ষ্য। শিক্ষা চালিয়ে যাচ্ছে এবং দক্ষতা অর্জনের লক্ষ্যে তাদেরকে এগিয়ে নিচ্ছে ও ছাড়িয়ে যাচ্ছে, এমন প্রতিটি শিক্ষার্থীর সক্ষম করার জন্য আমরা অঙ্গীকারবদ্ধ।

নর্থ পেন স্কুল ডিস্ট্রিক্ট কঠোর, প্রমিত মান-ভিত্তিক পাঠক্রম অনুসরণ করে যার সাথে পেনসিলভানিয়া কোর স্ট্যান্ডার্ডসের মিল রয়েছে। প্রমিত মান-ভিত্তিক প্রতিবেদন পদ্ধতির প্রধান উদ্দেশ্য হলো পিতামাতা/অভিভাবকদেরকে তাদের শিশুর জন্য সুনির্দিষ্ট করা গ্রেড লেভেলের জন্য নির্ধারিত বিষয়বস্তু ও দক্ষতা অর্জনের ক্ষেত্রে তাদের অগ্রগতির সুনির্দিষ্ট, সামঞ্জস্যপূর্ণ, বিস্তারিত তথ্য প্রদান করা। গ্রেড লেভেলের প্রমিত মানের দিকে কোনো শিক্ষার্থী কত ভালোভাবে অগ্রসর হচ্ছে তা জানানোর জন্য সুনির্দিষ্ট কর্মসম্পাদন ক্ষমতার নির্দেশক (performance indicator) ব্যবহার করা হয়।

দৈনন্দিন কাজকর্ম, পর্যবেক্ষণ, সার্বিক মূল্যায়ন (summative assessment) এবং গঠনমূলক মূল্যায়নের (formative assessment) মাধ্যমে শিক্ষকগণ শিক্ষার্থী বিষয়ক প্রমাণ সংগ্রহ করে।




## সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী

***প্রঃ প্রমিত মান কী?***

উঃ প্রমিত মান হল শিক্ষার্থীদের কী জানা এবং কী করতে পারা উচিত। প্রতিটি গ্রেড লেভেলে শিক্ষার্থীদের যে জ্ঞান ও দক্ষতা ভালোভাবে অর্জন করার কথা তা একটি প্রমিত-ভিত্তিক পদ্ধতিতে ব্যাখ্যা করা হয়। এটি প্রতি স্কুল ইয়ারের জন্য শিক্ষণের সুস্পষ্ট লক্ষ্য স্থির করে এবং কোনো শিক্ষার্থীর পুরো প্রাথমিক বর্ষগুলোতে (elementary years) গঠনমূলক শিক্ষার ধারা শনাক্ত করে।

***প্রঃ আমার শিশু কীভাবে শিক্ষণের প্রমিত মান অর্জন করতে পারে?***

উঃ শিক্ষা চালিয়ে যাওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীর অবস্থানের উপর ভিত্তি করে শিক্ষকগণ প্রতিটি শিক্ষার্থীকে নির্দেশনা দিয়ে থাকেন। প্রতিটি শিক্ষার্থীর প্রয়োজন ও শক্তিমত্তা জানা থাকলে তা শিক্ষকদেরকে দৈনন্দিন নির্দেশনার পরিকল্পনা তৈরি করতে এবং শিক্ষার্থীর জ্ঞানের উপর ভিত্তি করে পাঠক্রম আলাদা করার সুযোগ করে দেয়।

***প্রঃ নতুন এই প্রমিত মান-ভিত্তিক অগ্রগতির প্রতিবেদন পূর্বের NP প্রাথমিক অগ্রগতির প্রতিবেদন থেকে আলাদা কীভাবে?***

উঃ লেটার গ্রেড জানানো হয় না তাদের সন্তান যে যে বিষয়ে দক্ষ অথবা সে গ্রেড লেভেলের প্রত্যাশা অনুযায়ী কার্য-সম্পাদন করছে কি না। গ্রেড লেভেলের মান অনুযায়ী কোনো শিক্ষার্থী কেমন করছে তা নতুন প্রমিত মান-ভিত্তিক অগ্রগতির প্রতিবেদনে পরিমাপ করা হবে, অন্য শিক্ষার্থীর কাজের সাথে তুলনা করা হবে না।

| **অ্যাকাডেমিক অর্জনের বিষয়** | |
|---|---|
| **কর্মসম্পাদন ক্ষমতার পর্যায়** | |
| **4:** EXCEEDS | শিক্ষার্থীর কর্মসম্পাদন ক্ষমতা ধারাবাহিকভাবে গ্রেড লেভেলের জন্য নির্দিষ্ট করা মানের বেঞ্চমার্ক **ছাড়িয়ে যাচ্ছে**। শিক্ষার্থী প্রধান প্রধান ধারণা, প্রক্রিয়া, এবং দক্ষতার বর্ধিত জ্ঞানের সুস্পষ্ট এবং বিশ্বাসযোগ্য প্রমাণ হাজির করে। শিক্ষার্থীর কার্য-সম্পাদনে শিক্ষকের কোনো ধরনের সহায়তা বা নির্দেশনার প্রয়োজন হয় না। |
| **3:** MEETS | শিক্ষার্থীর কর্মসম্পাদন ক্ষমতা ধারাবাহিকভাবে গ্রেড লেভেলের জন্য নির্দিষ্ট করা মানের বেঞ্চমার্কগুলো **পূরণ করে**। শিক্ষার্থী ধারাবাহিকভাবে প্রধান প্রধান ধারণা, প্রক্রিয়া, এবং দক্ষতা প্রয়োগ করে। শিক্ষার্থীর কার্য-সম্পাদনে শিক্ষকের ন্যূনতম সহায়তা বা নির্দেশনার প্রয়োজন হয়। |
| **2:** **APPROACHING** | শিক্ষার্থীর কর্মসম্পাদন ক্ষমতা ধারাবাহিকভাবে গ্রেড লেভেলের জন্য নির্দিষ্ট করা মানের বেঞ্চমার্কগুলোর দিকে **অগ্রসর হয়**। শিক্ষার্থী প্রধান প্রধান ধারণা, প্রক্রিয়া, এবং দক্ষতা বুঝতে শিখছে। |
| **1:** BEGINNING | শিক্ষার্থীর কার্য-সম্পাদন গ্রেড লেভেলের প্রমিত মানের জন্য প্রয়োজনীয় বেঞ্চমার্কের দিকে অগ্রগতি হওয়ার **সীমিত প্রমাণ** প্রদর্শন করে। শিক্ষার্থী প্রধান প্রধান ধারণা, প্রক্রিয়া, এবং দক্ষতার ক্ষেত্রে ন্যূনতম বোধগম্যতা প্রদর্শন করে, যার জন্য অনেক বেশি সময়, অনুশীলন, অতিরিক্ত সহায়তা, এবং/অথবা হস্তক্ষেপের প্রয়োজন হয়। |